গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
প্রশাসন-১ শাখা
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
www.dss.gov.bd

নং-৪১.০১.০০০০.০০৮.১৮.৪৩৩.১৭. ১০৬ তারিখ : ২৫/০৬/২০২০

## পরিপত্র

**সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৪১.০০.০০০০.০১৬.০০১.৩৮.২০১৫.৩১৯, তারিখ: ১০ মার্চ, ২০২০খ্রিঃ যোগে জারীকৃত করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সরকারী পত্রটি সংশ্লিষ্ট সকলেট নিকট এতদ্বারা পৃষ্ঠাংকন করা হলো।**

১. পরিচালক(প্রতিষ্ঠান/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ। তাঁর আওতাধীন সকল কর্মকর্তাগণকে পত্রের মর্মানুযায়ী এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৪. উপপরিচালক (গবেষণা, প্রকাশনা, মূল্যায়ন ও জনসংযোগ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। তাকে এ সংক্রান্ত পত্রটি সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়.........................................। তাঁর আওতাধীন সকল কর্মকর্তাগণকে পত্রের মর্মানুযায়ী এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৫/০৬/২০২০

**(মোঃ আবু মাসুদ)**
পরিচালক(প্রশাসন ও অর্থ)
☎ ৫৫০০৭০২২

সদয় জ্ঞাতার্থে:
১. উপসচিব (প্রশাসন-৪), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা।
**www.msw.gov.bd**

নং-৪১.০০.০০০০.০১৬.০০১.০৮.২০১৫.৩১৯

২৬ ফাল্গুন ১৪২৬
১০ মার্চ ২০২০

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সংক্রমণ ও বাংলাদেশে এর বিস্তার রোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে। এ সকল কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণসহ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারী কে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক. জেলা/ উপজেলা পর্যায়ে গঠিত কমিটিতে (কপি সংযুক্ত) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন;

খ. এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রকাশিত নির্দেশনাগুলো সংগ্রহপূর্বক দাপ্তরিকভাবে তা মুদ্রণ করে দপ্তর/সংস্থা এর আওতাধীন সকল অফিসে বিতরণ করতে হবে;

গ. জনসাধারণকে সচেতন করার জন্য এ সংক্রান্ত সকল পোস্টার/লিফলেট সকল দপ্তর/সংস্থা এর আওতাধীন অফিস/প্রতিষ্ঠানসমূহে বিতরণ করতে হবে। এছাড়া জেলা/উপজেলা পর্যায়ে যে সকল স্থানে জনসমাগম হয় ( যেমন বাস টার্মিনাল, লঞ্চ ঘাট, রেল স্টেশন, বাজার ইত্যাদি) সে সকল স্থানে অতি জরুরি ভিত্তিতে ব্যানার ও পোস্টার প্রদর্শনের ব্যবস্থা করবে;

ঘ. করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত সকল নির্দেশনা নিজেরা মেনে চলবেন এবং অন্যদেরকে এ বিষয়ে সচেতন করবেন।

সংযুক্তি : যথাবর্ণনা।

| অতিজরুরী | জরুরী |
|---|---|
| ডাইরী নং PA-১৫৩ | তারিখঃ ১১/০৩/2020 |
| অতিঃ পরিচালক (পরিকল্পনা) | আলোচনা করুন |
| উপপরিচালক (পরিকল্পনা) | পেশ করুন |
| উপপরিচালক (প্রশাঃ ও অর্থ) | নিষ্পত্তি করুন |
| উপপরিচালক (প্রকাশনা) | নথিজাত করুন |
| অধ্যক্ষ (জা স সে এ) | |
| উপপরিচালক (আঃ প্রাঃ কেঃ) | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |

১০.০৩.২০২০


মোহাঃ নায়েব আলী
উপসচিব
ফোন : ৯৫৪০৫৫০
email-sasadmin1@msw.gov.bd


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। ব্যবস্হাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
০৪। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
০৫। ব্যবস্হাপনা পরিচালক, নিউরো- ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, ঢাকা।
০৬। নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাষ্ট (বাংলাদেশ) ঢাকা।
০৭। নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, টংগী, গাজীপুর।
০৮। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন অনুবিভাগ

৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১১ তারিখ: ০১.০৩.২০২০ খ্রি:

## প্রজ্ঞাপন

বাংলাদেশের অভ্যন্তরে করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে স্থানীয় জেলা প্রশাসকের সভাপতিত্বে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

(১) জেলা প্রশাসক -- সভাপতি

(২) পুলিশ সুপার -- সদস্য

(৩) পরিচালক/তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/সদর হাসঃ -- সদস্য

(৪) চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ -- সদস্য

(৫) মেয়র, সদর পৌরসভা -- সদস্য

(৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা -- সদস্য

(৭) জেলা শিক্ষা কর্মকর্তা -- সদস্য

(৮) জেলা তথ্য কর্মকর্তা -- সদস্য

(৯) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা -- সদস্য

(১০) উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর -- সদস্য

(১১) সিভিল সার্জন -- সদস্য সচিব

২। স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং জেলা পরিষদের চেয়াম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

কমিটির কার্যপরিধি:

(১) এই কমিটি করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;

(২) করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেনটাইনসহ প্রয়োজনীয় আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(৩) করোনা ভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০১/৩/২০২০
( মোঃ হাবিবুর রহমান খান )
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৪০২৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
<u>প্রশাসন অনুবিভাগ</u>

৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১২ তারিখ: ০১.০৩.২০২০ খ্রি:

## <u>প্রজ্ঞাপন</u>

বাংলাদেশের অভ্যন্তরে করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে উপজেলা পর্যায়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| (২) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - সদস্য |
| (৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য সচিব |
| (৪) সংশ্লিষ্ট পৌর মেয়র | - সদস্য |
| (৫) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - সদস্য |
| (৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| (৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| (৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | -সদস্য |
| (১০) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | -সদস্য |

১। স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

কমিটির কার্যপরিধি:

(১) এই কমিটি করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির সাথে সমন্বয় রেখে জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;

(২) করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেনটাইনসহ আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(৩) করোনা ভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জেলা ও জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৪০২৮২